

সংবাদ বিজ্ঞপ্তি:

**নোবিপ্রবিতে 'এমপাওয়ার্ড মাইন্ড থ্রু ইমোশনাল ইন্টেলিজেন্স' শীর্ষক কর্মশালা**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষার্থীদের অংশগ্রহণে 'এমপাওয়ার্ড মাইন্ড থ্রু ইমোশনাল ইন্টেলিজেন্স' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২৬ নভেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে উক্ত কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। কর্মশালায় কী-নোট স্পীকার হিসেবে ছিলেন নিটোল নিলয় গ্রুপের সাইকোলজিস্ট মোঃ নুরুস সাদাত। কর্মশালার আয়োজনে ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলাম। আলোচক হিসেবে ছিলেন নোবিপ্রবি মেডিকেল সেন্টারের সাইকোলজিস্ট মোঃ আবু তারেক।

নোবিপ্রবির কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ ও পদার্থ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীবৃন্দ উক্ত কর্মশালায় অংশগ্রহণ করে।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪